অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/16/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো, আইন স্বাক্ষর করলেন যা অনুযায়ী আদালত সেই আবেদনকারীদের দত্তক গ্রহন অস্বীকার করতে পারবে না যারা ইতিমধ্যেই আইনগতভাবে সন্তানের পিতা-মাতার স্বীকৃতি পেয়েছে

কুওমো: "সকল মাতাপিতার একই অধিকার এবং আইনের অধীনে একই স্বীকৃতি প্রাপ্য - এবং এটা অযৌক্তিক যে এই জাতির প্রতিটি কোণায় বিষয়টি তা নয়।"

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে তিনি আইন (S.3999/A.460) স্বাক্ষর করেছেন নিউ ইয়র্ক রাজ্যের আদালতগুলিকে সেই সব আবেদনকারীদের দত্তক গ্রহন অস্বীকার করতে নিষেধ করেছেন যারা ইতিমধ্যে আইনগতভাবে সন্তানের আভিভাবক হিসাবে স্বীকৃত, শুধু মাত্র সেই ভিত্তিতে। যেই বাবা-মায়েদের নাম জন্ম সনদে নেই, সমলিঙ্গের দম্পতিরা এবং যে বাবা-মায়েরা সারোগেসির মাধ্যমে সন্তান লাভ করেছেন, এই বিল তাদের রক্ষা করে দত্তক গ্রহন অস্বীকার হওয়া থেকে, যখন আবেদনকারি পেরেন্টের ইতিমধ্যেই সন্তানের বাবা-মায়ের স্বীকৃতি রয়েছে।

"সকল মাতাপিতার একই অধিকার এবং স্বীকৃতি আছে আইনের অধীনে - এবং এটা অযৌক্তিক যে এই জাতির প্রতিটি কোণায় বিষয়টি তা নয", **গভর্নর কুওমো বলেন।** "এই নতুন সুরক্ষা নিশ্চিত করতে সাহায্য করবে যে সমস্ত পরিবারের সাথে ন্যায্য এবং সমতার সঙ্গে আচরণ করা হবে এবং কোন বাবা-মাকে আদালতে অযৌক্তিক বাধার সম্মুখীন না হতে হয়।"

"নিউ ইয়র্ক জুড়ে শিশুদের জন্য স্নেহময় বাড়ি সরবরাহ করার জন্য অগণিত সমলিঙ্গের দম্পতিদের কাছে আমরা কৃতজ্ঞ", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আজকের এই পদক্ষেপ এই দম্পতিদের অধিকার রক্ষা করবে এবং এলজিবিটিকিউ (LGBTQ) সম্প্রদায়ের জন্য সমতা নিশ্চিত করতে আমাদের অঙ্গীকার অগ্রসর করবে।"

সিনেটর ব্র্যাড হয়েলম্যান বলেন, "যদিও নিউ ইয়র্কের আইন আমার নিজের মতো LGBTQ পরিবারগুলির জন্য শক্তিশালী আইনি সুরক্ষা প্রদান করে, দুঃখের বিষয় যে সব জায়গায় ব্যাপারটি তা নয়। এই আইন পাসের মাধ্যমে, আমরা এই নিয়ম পুনর্ব্যক্ত করতে চাই যে, অজৈবিক বাবা-মা তাদের সন্তানদের আইনগত বাবা-মা হিসেবে স্বীকৃতি পাবেন প্রত্যেক নিউ ইয়র্কের আদালতে, রাজের আইন তাদের আইনসম্মত পেরেন্ট হিসেবে ইতিমধ্যেই স্বীকৃতি প্রদান করে কিনা তা নির্বিশেষে। এই দত্তকগ্রহনের অনুমতির মাধ্যমে আমরা সেই বাবা-মায়েদের নিজের পরিবারকে আইনত সুরক্ষিত রাখার সুযোগ করে দিই যারা নিউ ইয়র্ক রাজ্যের বাইরে যাতায়াত করছেন বা চলে যাচ্ছেন। আমি

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা আন্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিনস, সিনেটর ভেলম্যানলেট মন্টগোমারি এবং সংসদ সদস্য এমি পউলিনকে এই গুরুত্বপূর্ণ আইন পাশ করার ক্ষেত্রে তাদের কাজের জন্য ধন্যবাদ জানাই, এবং LGBTQ সম্প্রদায়ের প্রতি তার অব্যাহত সমর্থনের জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য এমি পলিন বলেন, "যদিও ইতিমধ্যে বিচারকদের দত্তক আবেদন মঞ্জুর করার ক্ষমতা রয়েছে এবং নিয়মিতভাবে তারা তা করেছেন, সেখানে এমন অনেক সময় এসেছে যেখানে এই সব আবেদন অস্বীকার করা হয়েছে, একই লিঙ্গের দম্পতিদের জন্য বিস্ময় এবং চাপের অনিশ্চয়তার সৃষ্টি করে। এই আইনের মাধ্যমে আমরা নিউ ইয়র্কে এবং অন্যান্য আইনগত অধিক্ষেত্রে বাবা-মায়েদের অধিকারকে স্বীকৃতি দেওয়ার প্রত্যয় ও নিরাপত্তা প্রদান করি।"

যখন একটি সন্তানের জন্ম দেওয়া নারীর স্পাউজকে সন্তানের পিতা-মাতা বলে ধারণা করা হয়, সমলিঙ্গের দম্পতিরা নিউ ইয়র্ক রাজ্যের বাইরে ভ্রমণ করার সময় একটি আইনত আশঙ্কাজনক অবস্থানে পড়ে যান, সেইসব জায়গায় যেখানে অ-জৈবিক পিতামাতার অধিকার সম্পূর্ণরূপে সম্মানিত নয়। নতুন আইনের আধীনে নিউ ইয়র্কের দত্তকগ্রহন অন্যান্য অধিনে সম্মানিত হবে। এটি শিশুদের নিরাপত্তা দেয় যে যেখানেই পরিবারের সদস্যরা হোক না কেন, তাদের বাবা-মা উভয় আইনতভাবে স্বীকৃত হবে।

বিদ্যমান আইনের অধীনে, বিচারকরা নিয়মিতভাবে একটি শিশুর পিতা-মাতা হিসাবে স্বীকৃত আবেদনকারীদের জন্য দত্তকগ্রহন মঞ্জুর করেন। তবে আদালত কিছু ক্ষেত্রে বিবাহিত সমলিঙ্গের দম্পতিকে দত্তকগ্রহন অস্বীকার করেছে।

এই বিলটি স্পষ্টভাবে বলে যে, দত্তক নেওয়ার জন্য একটি আবেদন শুধুমাত্র এই ভিত্তিতে অস্বীকার করা হবে না যে আবেদনকারীর বংশপরিচয় ইতিমধ্যে আইনতভাবে স্বীকৃত, এবং নিশ্চিত করা যে দম্পতিরা এই ধরনের দত্তকগ্রহনে ভবিষ্যতে আদালতের সিদ্ধান্ত দ্বারা কোন বাধা পাবেন না।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন